একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৪৫.০০.০০০০.১৫৫.১৮.০০২.২০১৭-৩৬ — তারিখঃ ১৬.০১.২০১৮ খ্রিঃ

অফিস আদেশ

মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন কেন্দ্রীয় ঔষধাগারের মাধ্যমে অর্থায়নের উৎস নির্বিশেষে (রাজস্ব/উন্নয়ন/অনুদান) দেশের সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল, জেলা/জেনারেল হাসপাতাল/ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য এম.এস.আর সামগ্রী, মেডিকেল ইকুইপমেন্ট, যানবাহন, নন মেডিকেল এপ্লায়েন্সেস ও অন্যান্য ক্রয় কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ১৭/১০/২০০৬ তারিখের হাস-২/সাধারণ-১৫১/৯৫/৬৬২ নং স্মারক, ০৭-০৯-২০১৬ তারিখের স্বাপকম/ক্রয় ও সংগ্রহ/TOC ও TEC গঠন-৬/২০০৯/৩৬৫ নং স্মারক এবং এতৎসংক্রান্ত ইত:পূর্বে গঠিত সকল কমিটি বাতিল করে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী নিম্নরূপ কমিটিসমূহ পুনর্গঠন করা হলো:

(ক) সম্ভাব্য মূল্য (বাজার দর) নির্ধারণ কমিটি:

(১)	পরিচালক (ভান্ডার ও সরবরাহ), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সভাপতি
(২)	চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি মনোনীত একজন কারিগরি প্রতিনিধি (সহকারী পরিচালকের নিচে নয়)	সদস্য
(৩)	পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর বা তার প্রতিনিধি (রাজস্ব/বৈদেশিক অনুদানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৪)	সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি (অপারেশনাল প্ল্যানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৫)	মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর মনোনীত ন্যূনতম উপপরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি (কেবলমাত্র ফার্মাসিউটিক্যাল আইটেম ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৬)	উপপরিচালক (সিএমএসডি), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য-সচিব

কর্মপরিধি: কমিটি স্থানীয়/আন্তর্জাতিক বাজার দর সরেজমিনে/অনলাইনে যাচাইক্রমে সম্ভাব্য মূল্য তালিকা প্রস্তুত করবে। প্রণীত তালিকার প্রতি পাতায় সকল সদস্যের তারিখসহ স্বাক্ষর থাকতে হবে। সংশ্লিষ্ট যন্ত্রপাতির কারিগরী তথ্যসহ বাজার দর নির্ধারণের যৌক্তিকতা উল্লেখ করতে হবে। দুই তৃতীয়াংশ সদস্য সমন্বয়ে কমিটির কোরাম পূর্ণ হবে।

(খ) টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রণয়ন কমিটি-১ (এম.এস.আর সামগ্রী):

(১)	পরিচালক (ভান্ডার ও সরবরাহ), স্বাস্থ্য অধিদপ্তর	সভাপতি
(২)	বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ফার্মাকোলজি বিভাগের ন্যূনতম সহযোগী অধ্যাপক পদমর্যাদার একজন চিকিৎসক	সদস্য
(৩)	ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মেডিসিন বিভাগের ন্যূনতম সহযোগী অধ্যাপক/ সিনিয়র কনসালটেন্ট পদমর্যাদার একজন চিকিৎসক	সদস্য
(৪)	শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের সার্জারী বিভাগের ন্যূনতম সহযোগী অধ্যাপক/সিনিয়র কনসালটেন্ট পদমর্যাদার একজন চিকিৎসক	সদস্য
(৫)	মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর মনোনীত ন্যূনতম উপপরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি (কেবলমাত্র ফার্মাসিউটিক্যাল আইটেম ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৬)	সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি (অপারেশন প্লানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৭)	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
(৮)	উপপরিচালক (পিএন্ডসি), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য-সচিব

কর্মপরিধি: (১) কমিটি ক্রয়ের জন্য নির্ধারিত এম.এস.আর সামগ্রীর স্পেসিফিকেশন প্রস্তুত করে প্রতি পাতায় স্বাক্ষরপূর্বক ক্রয়কারীর নিকট দাখিল করবে।

(২) কমিটির দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

(৩) এম.এস.আর সামগ্রীর বিবরণ (দ্রব্যের নাম, সাইজ, ইউনিট, পরিমান, সম্ভাব্য ব্যবহারমাত্রা ও উদ্দেশ্য), দ্রব্যের নমুনা (ডোজেস ফরম, ড্রাগ কনটেন্ট, ফার্মাকোপিয়া স্ট্যান্ডার্ড, শেলফ লাইফ) উল্লেখ করতে হবে।

(৪) লেবেল নির্দেশনা, জেনেরিক নাম, ডোজ ফরম, সক্রিয় উপকরণের (Active Ingredient) ফার্মাকোপিয়া স্ট্যান্ডার্ড, উৎপাদনকারীর লোগো, প্রতি প্যাকের কন্টেন্ট, ব্যবহার বিধি, বিশেষভাবে সংরক্ষণের প্রয়োজনীয়তা, ব্যাচ নম্বর, উৎপাদন ও মেয়াদোত্তীর্ণের তারিখ, মান নিয়ন্ত্রণ শর্ত, রেগুলেটরী শর্ত, প্রয়োজনীয় সনদ, গ্রহণযোগ্যতার সনদ সংযুক্ত করতে হবে।

(৫) অন্যান্য প্রযোজ্য শর্ত ও নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে।

(৬) প্রি-বিড সভার সুপারিশ অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রণীত স্পেশিফিকেশন সংশোধন করবে।

(গ) টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রণয়ন কমিটি-২ {মেডিকেল ইকুইপমেন্ট (এস আর তালিকা বহির্ভূত) ও যানবাহন}:

(১)	অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর	সভাপতি
(২)	সহযোগী অধ্যাপক/সিনিয়র কনসালটেন্ট, এনেসথেসিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল	সদস্য
(৩)	সহযোগী অধ্যাপক/সিনিয়র কনসালটেন্ট, রেডিওলজি বিভাগ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল	সদস্য
(৪)	চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি মনোনীত একজন কারিগরি প্রতিনিধি (সহকারী পরিচালকের নিচে নয়)	সদস্য
(৫)	যুগ্মসচিব/উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
(৬)	পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
(৭)	সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি (অপারেশন প্লানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৮)	চেয়ারম্যান বিআরটিএ মনোনীত প্রতিনিধি (কেবলমাত্র যানবাহন ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৯)	সংশ্লিষ্ট মেডিকেল যন্ত্রপাতি ব্যবহার সংশ্লিষ্ট একজন বিশেষজ্ঞ	সদস্য
(১০)	পরিচালক (ভান্ডার ও সরবরাহ), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য
(১১)	উপপরিচালক (পিএন্ডসি), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য-সচিব

কর্মপরিধি: (১) কমিটি ক্রয়ের জন্য নির্ধারিত মেডিকেল ইকুইপমেন্ট (এসআর তালিকা বহির্ভূত) ও যানবাহনের স্পেসিফিকেশন প্রস্তুত করে প্রতি পাতায় স্বাক্ষরপূর্বক ক্রয়কারীর নিকট দাখিল করবে।

(২) কমিটির দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

(৩) ক্রয়ের জন্য নির্ধারিত আইটেমের কর্মক্ষমতার শর্ত, বৈদ্যুতিক শর্ত, আনুষঙ্গিক উপকরণ, বিশেষ নিরাপত্তা বৈশিষ্ট্য (বৈদ্যুতিক), সার্ভিস টুলস, ম্যানুয়ালস এন্ড ড্রইংস-এর উল্লেখ থাকতে হবে।

(৪) ওয়ারেন্টি, উৎপাদক কোম্পানীর অথরাইজেশন, মান নিয়ন্ত্রণ সনদপত্র সংযুক্ত করতে হবে।

(৫) যন্ত্রপাতি স্থাপন, ষ্টার্টআপ ও ভ্যালিডেশন, প্রাথমিক সার্ভিস, ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ, রক্ষণাবেক্ষণের প্রশিক্ষণসহ (ষ্টান্ডার্ড অপারেটিং প্রসিডিউর নির্দেশনাসহ) সেবা অব্যাহত রাখার বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

(৬) সংশ্লিষ্ট উপকরণ সম্পর্কিত অন্যান্য প্রযোজ্য শর্তসমূহ অনুসরণ করতে হবে।

(৭) প্রি-বিড সভার সুপারিশ অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রণীত স্পেশিফিকেশন সংশোধন করবে।

(৮) একক মূল্য ২ (দুই) কোটি টাকার উর্ধ্বে হলে প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের শর্ত অন্তর্ভুক্ত করতে হবে।

(৯) ওয়ারেন্টি পিরিওড শেষ হওয়ার পর খুচরা যন্ত্রাংশের নিশ্চয়তাসহ কম্প্রিহেনসিভ মেইনটেন্যান্স কন্ট্রাক্ট (সিএমসি) এর শর্তসমূহ বা কার্যকারিতার সময়কাল ও প্রযোজ্য দর নির্ধারণ করতে হবে।

(১০) এফডিএ/জেএসআই/সিই (ইউরোপীয়ান ইউনিয়নের অরজিন) সনদপত্র সংযুক্ত করতে হবে।

(১১) নতুন ব্রান্ড আইটেম (প্রমানকসহ) এর সনদপত্র সংযুক্ত করতে হবে।

(১২) পূর্বানুমোদন ব্যতীত বিশেষ ক্ষেত্রে তৃতীয় পক্ষকে শিপমেন্টের অনুমতি প্রদান করা যাবে না।

(ঘ) <u>টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রণয়ন কমিটি-৩ (নন মেডিকেল এ্যাপ্লায়েন্স ও অন্যান্য):</u>

(১)	পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর	সভাপতি
(২)	সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি (অপারেশন প্লানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৩)	সিভিল সার্জন ঢাকা বা তার প্রতিনিধি	সদস্য
(৪)	সহকারী পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
(৫)	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
(৬)	চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি মনোনীত একজন কারিগরি প্রতিনিধি (সহকারী পরিচালকের নিচে নয়)	সদস্য
(৭)	উপপরিচালক (পিএন্ডসি), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য-সচিব

<u>কর্মপরিধি</u>: (১) কমিটি ক্রয়ের জন্য নির্ধারিত নন মেডিকেল এ্যাপ্লায়েন্সেস ও অন্যান্য সামগ্রীর স্পেসিফিকেশন প্রস্তুত করে প্রতি পাতায় স্বাক্ষরপূর্বক ক্রয়কারীর নিকট দাখিল করবে।

(২) কমিটির দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

(৩) ক্রয়ের জন্য নির্ধারিত আইটেমের কর্মক্ষমতার শর্ত, বৈদ্যুতিক শর্ত, আনুষঙ্গিক উপকরণ, বিশেষ নিরাপত্তা বৈশিষ্ট্য (বৈদ্যুতিক), সার্ভিস টুলস, ম্যানুয়ালস এন্ড ড্রইংস-এর উল্লেখ থাকতে হবে।

(৪) ওয়ারেন্টি, উৎপাদক কোম্পানীর অথরাইজেশন, মাননিয়ন্ত্রণ সনদপত্র সংযুক্ত করতে হবে।

(৫) যন্ত্রপাতি স্থাপন, ষ্টার্টআপ ও ভ্যালিডেশন, প্রাথমিক সার্ভিস, ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ, রক্ষণাবেক্ষণের প্রশিক্ষণসহ (ষ্টান্ডার্ড অপারেটিং প্রসিডিউর নির্দেশনাসহ) সেবা অব্যাহত রাখার বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

(৬) সংশ্লিষ্ট উপকরণ সম্পর্কিত অন্যান্য প্রযোজ্য শর্তসমূহ অনুসরণ করতে হবে।

(ঙ) <u>দরপত্র উন্মুক্তকরণ কমিটি:</u>

(১)	পরিচালক (ভান্ডার ও সরবরাহ), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সভাপতি
(২)	সংশ্লিষ্ট শাখা পর্যায়ে কর্মকর্তা, কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য
(৩)	উপপরিচালক (সিএমএসডি), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য-সচিব

<u>কর্মপরিধি</u>: উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি থাকে) প্রাপ্ত দরপত্রসমূহ উন্মুক্তকরণ, প্রতিটি দরপত্র খাম ও দরপত্রের প্রতি পাতায় স্বাক্ষরকরণ, তালিকা প্রণয়নক্রমে (প্রতি পাতায় স্বাক্ষরিত) দরপত্র মূল্যায়ন কমিটি বরাবর প্রেরণ।

(চ) <u>দরপত্র মূল্যায়ন কমিটি-১ (২০ কোটি টাকার উর্দ্ধে সকল ক্রয়):</u>

(১)	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর	সভাপতি
(২)	অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
(৩)	সংশ্লিষ্ট এমএসআর সামগ্রী/মেডিকেল যন্ত্রপাতি/যানবাহন/ মেডিকেল এ্যাপ্লায়েন্সেস ও অন্যান্য সামগ্রী ব্যবহারকারীর (অপারেশনাল প্লানের ক্ষেত্রে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি) প্রতিনিধি	সদস্য
(৪)	যুগ্মসচিব/উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
(৫)	গণপূর্ত অধিদপ্তর (ঢাকা ডিভিশন-৩ এর অধীনস্থ তেজগাঁও সাব ডিভিশন) মনোনীত ক্রয় কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রতিনিধি	সদস্য
(৬)	বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
(৭)	পরিচালক, (ভান্ডার ও সরবরাহ), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য সচিব

(ছ) দরপত্র মূল্যায়ন কমিটি-২ (২০ কোটি টাকা পর্যন্ত মেডিকেল যন্ত্রপাতি ও যানবাহন ক্রয়):

(১)	অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর	সভাপতি
(২)	পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
(৩)	পরিচালক (প্রাথমিক স্বাস্থ্য ও পরিচর্যা), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
(৪)	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
(৫)	সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি (অপারেশন প্লানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৬)	গণপূর্ত অধিদপ্তর (ঢাকা ডিভিশন-৩ এর অধীনস্থ তেজগাঁও সাব ডিভিশন) মনোনীত ক্রয় কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রতিনিধি	সদস্য
(৭)	বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
(৮)	পরিচালক, (ভান্ডার ও সরবরাহ), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য সচিব

(জ) দরপত্র মূল্যায়ন কমিটি-৩ (২০ কোটি টাকা পর্যন্ত এম.এস.আর সামগ্রী, নন মেডিকেল এ্যাপ্লায়েন্সেস ও অন্যান্য ক্রয়):

(১)	অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর	সভাপতি
(২)	পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
(৩)	পরিচালক (জনস্বাস্থ্য ও পুষ্টি), স্বাস্থ্য অধিদপ্তর	সদস্য
(৪)	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
(৫)	সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর বা তার প্রতিনিধি (অপারেশন প্লানের অর্থায়নে ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৬)	গণপূর্ত অধিদপ্তর (ঢাকা ডিভিশন-৩ এর অধীনস্থ তেজগাঁও সাব ডিভিশন) মনোনীত ক্রয় কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রতিনিধি	সদস্য
(৭)	বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
(৮)	পরিচালক, (ভান্ডার ও সরবরাহ), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য সচিব

কর্মপরিধি: কমিটি পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ অনুযায়ী দরপত্র উন্মুক্তকরণ কমিটির নিকট হতে প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইকরণ, তুলনামূলক বিবরণী প্রণয়ন, মূল্যায়ন ও ক্রয় সংক্রান্ত প্রস্তাবের সুপারিশ প্রণয়ন করবে। প্রযোজ্য ক্ষেত্রে এ কমিটি উপযুক্ত প্রতিনিধি সমন্বয়ে কারিগরি মূল্যায়ন ও আর্থিক মূল্যায়ন উপকমিটি গঠন করবে। প্রণীত ক্রয় প্রস্তাবের প্রতি পাতায় স্বাক্ষরান্তে ক্রয়কারী বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করবে। কমিটির দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

(ঝ) সার্ভে কমিটিঃ

(১)	উপপরিচালক (হাসপাতাল-১), স্বাস্থ্য অধিদপ্তর	সভাপতি
(২)	মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর মনোনীত ন্যূনতম উপপরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি (কেবলমাত্র ফার্মাসিউটিক্যাল আইটেম ক্রয়ের ক্ষেত্রে)	সদস্য
(৩)	চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি মনোনীত একজন কারিগরি প্রতিনিধি (সহকারী পরিচালকের নিচে নয়)	সদস্য
(৪)	এম.এস.আর/যানবাহন/মেডিকেল যন্ত্রপাতি/অন্যান্য উপকরণ ব্যবহার সংশ্লিষ্ট বিশেষজ্ঞ	সদস্য
(৫)	সংশ্লিষ্ট স্পেসিফিকেশন প্রণয়ন কমিটির সদস্য সচিব	সদস্য
(৬)	উপপরিচালক (সিএমএসডি), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা	সদস্য সচিব

কর্মপরিধি: ক্রয় কমিটি অনুমোদিত স্পেসিফিকেশন এবং নমুনা অনুযায়ী সংশ্লিষ্ট এমএসআর দ্রব্যাদি গ্রহণ/বাতিলের সিদ্ধান্ত প্রদান করবে।

০২। প্রতিটি কমিটি ক্রয় সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন একজন সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং জারির তারিখ থেকে পরবর্তী ৩(তিন) বছরের জন্য বলবৎ থাকবে।

২২/১/২০১৮

(রেহানা ইয়াছমিন)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

নং ৪৫.০০.০০০০.১৫৫.১৮.০০২.২০১৭-৩৬ তারিখঃ ১৬.০১.২০১৮ খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:</u>

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। পরিচালক (প্রশাসন/ হাসপাতাল ও ক্লিনিকসমূহ/ অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ই-মেইল মারফত প্রেরণ ও ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২২/১/২০১৮

(রেহানা ইয়াছমিন)
উপসচিব